

অফিস সার্কুলার

বিষয়: সংস্থার ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর আওতায় ব্রাঞ্চ পর্যায়ে কমিউনিটি ম্যানেজার-২, কমিউনিটি ম্যানেজার-১, সহকারী ব্রাঞ্চ ম্যানেজার (লোন) ও সহকারী ব্রাঞ্চ ম্যানেজার (হিসাব) পদে কর্মরত নারী কর্মীদের আবাসন ভাতা সুবিধা প্রদান প্রসঙ্গে।

ক) কর্মক্ষেত্রে নারীদের অংশগ্রহণে বাংলাদেশ এখন বিশ্বের রোল মডেল এবং কর্মক্ষেত্রে নারীদের অংশগ্রহণ বেড়ে যাওয়ায় নারীরা এখন অর্থনৈতিকভাবে সাবলম্বী। পদক্ষেপের অগ্রযাত্রায়ও নারী সহকর্মীদের অবদান অনস্বীকার্য। তাই নারী কর্মীদের বিভিন্ন সমস্যা দূর করে তাদের প্রতি সাম্য প্রতিষ্ঠার জন্য নিরাপদ ও সম্মানজনক নারীবান্ধব কর্মপরিবেশ নিশ্চিত করার মাধ্যমে নারী পুরুষের সমতা প্রতিষ্ঠার লক্ষ্যে সংস্থার সকল পর্যায়ে নারী সহকর্মী বৃদ্ধির উপর বিশেষভাবে জোর দেয়া হচ্ছে। এছাড়াও সকল নারী কর্মীদের প্রতি সর্বোচ্চ সহযোগিতামূলক দৃষ্টিভঙ্গী পোষণ করা হচ্ছে।

খ) সংস্থার শুরু থেকেই বিক্ষিপ্তভাবে এবং ২০০৯ খ্রিস্টাব্দ থেকে সকল ব্রাঞ্চ পর্যায়ে পুরুষ কর্মীগণ অফিস আবাসনে একা থাকার সুযোগ পাচ্ছেন এবং পরোক্ষভাবে তারা আর্থিকভাবে উপকৃত হচ্ছেন। নারী কর্মীদের জন্য সে সুবিধা নেই। ফলে নারী কর্মীদেরকে অফিস আবাসনের বাইরে একা বা পরিবারসহ বাসা ভাড়া করে থাকতে হচ্ছে। যে কারণে তাদের আবাসন ব্যয় একজন পুরুষ কর্মীর তুলনায় অনেক বেশী হচ্ছে, যা বিভিন্ন সময়ে ব্যবস্থাপনা কর্তৃপক্ষের দৃষ্টি গোচরিত হতে পারে।


গ) এ প্রেক্ষিতে বর্তমানে সংস্থার ব্রাঞ্চ পর্যায়ে কর্মরত সকল নারী কর্মীর সাথে মোবাইল ফোনে যোগাযোগ করে একটি জরিপ কার্য পরিচালনা করা হয়েছে। জরিপে ৮১% নারী কর্মী আবাসন ভাতা সুবিধা পেতে ইচ্ছা পোষণ করেছে, যা ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বিবেচনায় নিয়েছেন।

ঘ) গত ২০/০৯/২০২৩ খ্রিস্টাব্দ তারিখে অনুষ্ঠিত সংস্থার ৪৩৯তম পরিচালনা পর্ষদ সভায় উপর্যুক্ত বিষয়াদি এবং পুরুষ কর্মীদের জন্য গড় আবাসন ব্যয় পর্যালোচনা পূর্বক ক্ষুদ্রঅর্থায়ন কর্মসূচীর আওতায় ব্রাঞ্চ পর্যায়ে কমিউনিটি ম্যানেজার-২, কমিউনিটি ম্যানেজার-১, সহকারী ব্রাঞ্চ ম্যানেজার (লোন) ও সহকারী ব্রাঞ্চ ম্যানেজার (হিসাব) পদে কর্মরত নারী কর্মীদের জন্য আবাসন ভাতা সুবিধা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। **এ প্রেক্ষিতে উপর্যুক্ত পদ সমূহে কর্মরত নারী কর্মীগণ জন প্রতি মাসিক ১,৮০০/- (এক হাজার আট শত) টাকা হারে আবাসন ভাতা সুবিধা প্রাপ্য হবেন।**

ঙ) উল্লেখ্য, সংস্থার মহিলা ব্রাঞ্চ সমূহে কর্মরত নারী কর্মীদের জন্য আবাসন ব্যবস্থা চলমান রয়েছে। ফলে মহিলা ব্রাঞ্চে কর্মরত নারী কর্মীগণ যারা সংস্থার আবাসনে থাকছেন / থাকবেন তারা এ আবাসন ভাতা সুবিধার আওতাভুক্ত হবে না।

চ) এ অফিস সার্কুলার ০১/১০/২০২৩ খ্রিস্টাব্দ তারিখ থেকে কার্যকর হবে।

এতদ সংক্রান্ত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো।



(মোঃ সালেহ বিন সামস)
নির্বাহী পরিচালক

অনুলিপি (সদয় অবগতির জন্য):

প্রেসিডেন্ট মহোদয়, পদক্ষেপ মানবিক উন্নয়ন কেন্দ্র।

অনুলিপি (ই-মেইলে প্রেরিত হলো)

১) পরিচালক, মাইক্রোফিন্যান্স উইং এবং ভারপ্রাপ্ত পরিচালক, প্রোগ্রাম ও এন্ট্রাপ্রাইজ উইং, প্রধান কার্যালয়।

২) প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের সংশ্লিষ্ট সকল প্রোগ্রাম / বিভাগ / ব্যবস্থাপনা ইউনিট (কার্যার্থে)।

৩) সিনিয়র সহকারী পরিচালক, আইসিটি বিভাগ, প্রধান কার্যালয় (অফিস সার্কুলারটি সংস্থার ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।

৪) অফিস কপি।